

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট-২ অধিশাখা
www.lgd.gov.bd

নং- ৪৬.০৪৯.০১৪.০২.০০.১৫৩.২০১১- ২৬০

তারিখঃ জুন ২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ নন্দীগ্রাম পৌরসভা কার্যালয়ের ২০০৬-২০১৩ অর্থ বছরের গুরুতর আর্থিক অনিয়ম সম্পর্কিত অনিষ্পন্ন অডিট আপত্তির অগ্রিম অনুচ্ছেদের জবাব প্রেরণ।

সূত্রঃ নন্দীগ্রাম পৌরসভা কার্যালয়ের স্মারক নং-২৫, তারিখঃ ১৩/০২/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নন্দীগ্রাম পৌরসভা কার্যালয়ের ২০০৬-২০১৩ অর্থ-বছরের গুরুতর আর্থিক অনিয়ম সম্পর্কিত অনিষ্পন্ন অডিট আপত্তির জবাব সন্তোষজনক বিবেচিত হয়নি। নিম্নোল্লিখিত নির্দেশনা অনুযায়ী নিষ্পত্তিমূলক জবাব প্রেরণ করা আবশ্যিক।

- (ক) অনুঃ ১, ২, ৩, ৭ ও ১১ (২০০৬-২০১৩) আপত্তিকৃত সমুদয় অর্থ আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা করে যথাযথ প্রমাণকসহ আগামী ১০(দশ) কার্য দিবসের মধ্যে পুনরায় জবাব প্রেরণ;
- (খ) অনুঃ ৫ (২০০৬-২০১৩) আপত্তিকৃত সমুদয় অর্থ আগামী ১০ (দশ) কার্য দিবসের মধ্যে সংশ্লিষ্ট তহবিলে জমা করে পুনরায় জবাব প্রেরণ এবং
- (গ) অনুঃ ২ (২০১০-২০১৩) আপত্তিকৃত সমুদয় অর্থ মুক্তিযোদ্ধা কল্যাণ তহবিলে জমা করে আগামী ১০ (দশ) কার্য দিবসের মধ্যে পুনরায় জবাব প্রেরণ।

এমতাবস্থায়, উপর্যুক্ত নির্দেশনা মোতাবেক পুনরায় ২(দুই) সেট নিষ্পত্তিমূলক জবাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

মেয়র
নন্দীগ্রাম পৌরসভা
বগুড়া।

(মোঃ এরশাদুল হক)
উপসচিব (অ-২)
ফোন-৯৫৪০৩২৬।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
২. যুগ্ম সচিব (অডিট/নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ।
৩. মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৪. উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধসহ)।
৭. সংরক্ষণ নথি।